

ত্ব-হা | Ta-Ha | ط

আয়াতঃ ২০ : ১৩৩

আরবি মূল আয়াত:

وَقَالُوا لَوْلَا يَأْتِينَا بِأَيَّةٍ مِّنْ رَّبِّهِ ؟ أَوْ لَمْ تَأْتِهِمْ بَيْنَةً مَا فِي الصُّحْفِ

الأولى ﴿ ۱۳۳ ﴾

A | ✎ অনুবাদসমূহ:

আর তারা বলে, ‘সে তার রবের কাছ থেকে আমাদের নিকট কোন নির্দর্শন নিয়ে আসে না কেন?’ পূর্ববর্তী গ্রন্থসমূহে যে সুস্পষ্ট প্রমাণ রয়েছে তা কি তাদের কাছে আসেনি? — আল-বায়ান

তারা বলে, ‘সে তার প্রতিপালকের নিকট থেকে আমাদের কাছে কোন নির্দর্শন নিয়ে আসে না কেন? তাদের কাছে কি আসেনি স্পষ্ট প্রমাণ যা ছিল পূর্ববর্তী (ওয়াইকৃত) কিতাবগুলোতে।’ — তাইসিরুল

তারা বলেঃ সে তার রবের নিকট হতে আমাদের জন্য কোন নির্দর্শন কেন আনয়ন করেনা? তাদের নিকট কি আসেনি সুস্পষ্ট প্রমাণ যা আছে পূর্ববর্তী গ্রন্থসমূহে? — মুজিবুর রহমান

And they say, "Why does he not bring us a sign from his Lord?" Has there not come to them evidence of what was in the former scriptures? — Sahih International

১৩৩. আর তারা বলে, সে তার রব-এর কাছ থেকে আমাদের কাছে কোন নির্দর্শন নিয়ে আসে না কেন? তাদের কাছে কি সুস্পষ্ট প্রমাণ আসেনি যা আগেকার গ্রন্থসমূহে রয়েছে?(১)

(১) অর্থাৎ এটা কি কোন ছোটখাটো মুজিয়া যে, তাদের মধ্য থেকে এক নিরক্ষর ব্যক্তি এমন একটি কিতাব পেশ করেছেন, যাতে শুরু থেকে নিয়ে এ পর্যন্তকার সমস্ত আসমানী কিতাবের বিষয়বস্তু ও শিক্ষাবলীর নির্যাস বের করে রেখে দেয়া হয়েছে তাওরাত, যবুর, ইঞ্জল ও ইবরাহিমী সহীফা ইত্যাদি। আল্লাহর গ্রন্থসমূহ সর্বকালেই শেষ নবী মুহাম্মদ সান্নাহান্ত আলাইহি ওয়া সান্নামের নবুওয়াত ও রেসালাতের সাক্ষ্য দিয়েছে। এগুলোর বহিঃপ্রকাশ অবিশ্বাসীদের জন্য পর্যাপ্ত প্রমাণ নয় কি? [ফাতভুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(১৩৩) ওরা বলে, ‘সে তার প্রতিপালকের নিকট হতে আমাদের নিকট কোন নির্দর্শন আনে না কেন?’[1] তাদের নিকট কি পূর্ববর্তী গ্রন্থসমূহের সুস্পষ্ট প্রমাণ উপস্থিত হয়নি? [2]

- [1] অর্থাৎ, তাদের ইচ্ছামত কোন নির্দর্শন; যেমন সামৃদ্ধ জাতির জন্য উটনী আনা হয়েছিল।
- [2] ‘পূর্ববর্তী গ্রন্থসমূহ’ বলতে তাওরাত, ইঞ্জীল, যাবূর ইত্যাদিকে বুঝানো হয়েছে। অর্থাৎ ঐগুলোতে কি নবী (সাঃ)-এর গুণাবলীর কথা উল্লেখ নেই, যার দ্বারা তাঁর নবী হওয়ার সত্যতা প্রমাণিত হয়? অথবা অর্থ এই যে, এদের কি পূর্ববর্তী জাতিদের অবস্থা জানা নেই যে, তারা যখন তাদের ইচ্ছামত মু'জিয়া প্রদর্শনের দাবি করল এবং তাদেরকে তা দেখানো হল, কিন্তু তা সত্ত্বেও তারা ঈমান আনল না বলে তাদেরকে ধৰংস করা হল?

তাফসীরে আহসানুল বাযান

❖ Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2481>

৬ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন